47

দৈনিক খবর

তারিখ 22 NOV 1992
পৃষ্ঠা ৮ কলাম ৩

৩৭

# নিরক্ষরতার অভিশাপ থেকে জাতিকে মুক্ত করতে হবে ঃ ইউনুস খান

বরিশাল অফিস থেকে কাজী বাবুল ● শিক্ষা প্রতিমন্ত্রী অধ্যক্ষ মোহাম্মদ ইউনুস খান বলেছেন, নিরক্ষরতার অভিশাপ থেকে জাতিকে মুক্ত করতে হবে। মন্ত্রী গতকাল শনিবার বরিশাল সদরের কাশীপুর হাই স্কুলে জেলা প্রাথমিক শিক্ষা অফিস আয়োজিত মা ও শিশু সমাবেশে বক্তব্য রাখেন।

বাখেরগঞ্জ জেলা প্রশাসক মোহাম্মদ মমতাজ উদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠিত এ সমাবেশে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন জেলা প্রাথমিক শিক্ষা অফিসার বিমলেন্দু হালদার; পিএনও মীর মজিবুর রহমান, ইউপি চেয়ারম্যান আফতাব হোসেন; জেলা বিএনপি সভাপতি মাহমুদ গোলাম মালেক, আঃ জলিল হাওলাদার, শ্রী জীবন কৃষ্ণ দে, লুৎফর রহমান মন্টু, মিসেস সাবিনা আকতার প্রমুখ।

প্রতিমন্ত্রী বলেন, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষাকে সামাজিক আন্দোলনে রূপ দিতে হবে। এটা বাংলাদেশের জন্য চ্যালেঞ্জ। শিশু শিক্ষার উপর প্রতিমন্ত্রী বলেন, এতে মায়েদের ভূমিকা নিতে হবে সবচেয়ে বেশী। দুঃখ-কষ্টের মধ্যে হলেও আমরা চূড়ান্ত লক্ষ্যে পৌছবো। মেধার বিকাশ না করা হলে প্রকৃতির রহস্য উৎঘাটন করা সম্ভব নয়। পরে মা ও শিশুদের র‍্যালীতে প্রতিমন্ত্রী নেতৃত্ব দেন।